গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৭৮ তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য রেল ও সড়ক পথে মোট ১১২৪৫ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৫৪)**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ২৩-০২-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০২.২২.২৭৯৩ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর ২৩-০২-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১১.২২.৮৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের এলএসডি/সিএসডিতে আগামী মার্চ ও এপ্রিল'২৩ মাসে ওএমএস (ময়দামিল), কাবিখা, ইপি-ওপিসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য সূত্রস্থ স্মারকদ্বয়ে গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। আন্তর্জাতিক দরপত্রের অধীনে এবং জি টু জি মাধ্যমে বিদেশ হতে আমদানিকৃত গম সাইলোসমূহে মজুত চলমান রয়েছে। আগত/আগতব্য জাহাজের গম সুষ্ঠু ভাবে খালাসের লক্ষ্যে সাইলোসমূহে খালি জায়গা সৃষ্টি করা প্রয়োজন। এমতাবস্থায়, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য এবং মজুত গড়ার লক্ষ্যে সাশ্রয়ী রুট বিবেচনায় রেল ও সড়ক পথে মোট ১১২৪৫ (এগারো হাজার দুইশত পঁয়তাল্লিশ) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

রেল পথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | ঠিকাদারি প্রতিষ্ঠান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম | চট্টগ্রাম সাইলো | ঢাকা | তেজগাঁও সিএসডি | ২১০০ | গম | রেল পথ | মে/রিমি এন্টারপ্রাইজ | |
| | | | | মোট = | ২১০০ | | | | |

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সাইলো | নারায়ণগঞ্জ | মুড়াপাড়া এলএসডি | ৩০০ | গম | সড়ক পথ | জেখানি, নারায়ণগঞ্জ উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | ঐ | সোনারগাঁও এলএসডি | ৪৯৫ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | ঢাকা | সাভার এলএসডি | ১০০০ | ঐ | ঐ | আখানি, ঢাকা উপসূচি জারি করবেন |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪. | ঐ | ঐ | ঐ | ধামরাই এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | কোনাখোলা এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | ঐ | ঐ | কলতবাজার এলএসডি | ১৫০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | ঐ | তেজগাঁও সিএসডি | ২০০০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | নরসিংদী | নরসিংদী এলএসডি | ১১০০ | ঐ | ঐ | |
| ৯. | ঐ | ঐ | গাজীপুর | জয়দেবপুর এলএসডি | ১০০০ | ঐ | ঐ | |
| ১০. | ঐ | ঐ | ঐ | কালিয়াকৈর এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | ঐ | ঐ | শ্রীপুর এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ১২. | ঐ | ঐ | ঐ | কাপাসিয়া এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১৩. | ঐ | ঐ | গোপালগঞ্জ | গোপালগঞ্জ এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | ঐ | শরীয়তপুর | ডামুড্যা এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১৫. | ঐ | ঐ | ঐ | নড়িয়া এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১৬. | ঐ | ঐ | ঐ | জাজিরা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ১৭. | ঐ | ঐ | নেত্রকোণা | নেত্রকোণা এলএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ৯১৪৫ | | | |
| | | | | সর্বমোট = | ১১২৪৫ | | | |

**নির্দেশনাসমূহ:**

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য

ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। **সূচির মেয়াদ ০৪-০৩-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। নির্ধারিত মেয়াদের পর গম পরিবহণ অবশিষ্ট থাকলে উক্ত উপসূচি উন্মুক্ত করে আগ্রহী ঠিকাদারের মাধ্যমে পরিবহণ করা হবে।**

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৭-২-২০২৩
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক

প্রাপক :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম
২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ
৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২৭৮/১(১০) তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯

২৭ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) পরিচালক ( ট্রাফিক), পরিচালক (ট্রাফিক)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ

৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .......................................

৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৯) ব্যবস্থাপক, ...................................... সিএসডি

১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................ এলএসডি



২৭-২-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক